রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ৭, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪৩০/ ০৫ ফেব্রুয়ারি ২০২৪

নং ০৩.০৪২.২৬৯০.০৮১.০৪৬.০০৬.২০২০(অংশ-২)-১২—বাংলাদেশের নদী-নালা, খাল-বিল, ঝিল-জলাশয় ও জলাধারসমূহের সুরক্ষায় প্রয়োজনীয় নীতি-কৌশল নির্ধারণ ও সমন্বয় সাধনের লক্ষ্যে নিম্নোক্ত ‘কারিগরি ও সমন্বয় কমিটি’ গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১ | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | - সভাপতি |
| ০২ | সচিব, জননিরাপত্তা বিভাগ | - সদস্য |
| ০৩ | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | - সদস্য |
| ০৪ | সচিব, শিল্প মন্ত্রণালয় | - সদস্য |
| ০৫ | সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য |
| ০৬ | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - সদস্য |
| ০৭ | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ০৮ | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| ০৯ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | - সদস্য |
| ১০ | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| ১১ | সচিব, পানিসম্পদ মন্ত্রণালয় | - সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১২ | সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| ১৩ | সচিব, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| ১৪ | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - সদস্য |
| ১৫ | সদস্য (সাধারণ অর্থনীতি বিভাগ), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| ১৬ | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) | - সদস্য |
| ১৭ | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | - সদস্য |
| ১৮ | মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | - সদস্য |
| ১৯-২২ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন | - সদস্য |
| ২৩ | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | - সদস্য |
| ২৪ | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | - সদস্য |
| ২৫ | প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| ২৬ | চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) | - সদস্য |
| ২৭-২৮ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/ চট্টগ্রাম ওয়াসা | - সদস্য |
| ২৯ | নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) | - সদস্য |
| ৩০ | নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) | - সদস্য |
| ৩১-৩৪ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় কাউন্সিলের সদস্য হিসেবে মনোনীত ৪ জন বিশেষজ্ঞ | - সদস্য |
| ৩৫ | মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য সচিব |

** বর্ণিত ক্রম জ্যেষ্ঠতাভিত্তিক নয়। * সচিব বলতে প্রযোজ্য ক্ষেত্রে সিনিয়র সচিবও বুঝাবে।*

**কমিটির কার্যপরিধি :**

১. কারিগরি ও সমন্বয় কমিটি বিবেচ্য বিষয়ে :

ক. আন্ত:মন্ত্রণালয় সমন্বয় সাধন করবে;

খ. জাতীয় কাউন্সিল কর্তৃক নির্ধারিত নীতি-কৌশল, নির্দেশনা ও পরামর্শ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

গ. সমন্বিত বিনিয়োগ কর্মসূচি ও তৎসংশ্লিষ্ট পরিকল্পনার আওতায় যেকোন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক গৃহীতব্য প্রকল্প বাছাই ও চিহ্নিতকরণসহ প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থায়নের উৎস নির্ধারণ করবে। বাছাইকৃত প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে এ কমিটি প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে;

ঘ. প্রজেক্ট প্রিপারেশন ফ্যাসিলিটিজ (পিপিএফ) গঠন ও পরিচালনার দায়িত্ব পালন করবে;

ঙ. বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্প/ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, মনিটরিং ও মূল্যায়ন করবে;

চ. মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রযোজ্যক্ষেত্রে যেকোন ব্যক্তিকে এ কমিটিতে অন্তর্ভুক্ত করে যেকোন দায়িত্ব প্রদানসহ কমিটি পুনর্গঠন, দায়িত্ব পুনর্বন্টন ও কার্যপরিধি পুনর্বিন্যাস করা যাবে;

ছ. এ কমিটির সভাপতির অনুমোদনক্রমে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কমিটিতে কো-অপ্ট করা যাবে এবং প্রয়োজনে যেকোন ব্যক্তিকে কমিটির সভায় আমন্ত্রণ জানানো যাবে;

জ. প্রধানমন্ত্রীর কার্যালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২. জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি**
মহাপরিচালক (প্রশাসন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd